“সবচেয়ে মহান জিহাদ হচ্ছে জালিম শাসকের সামনে ন্যায্য কথা বলা”।

আবূ সাঈদ খুদরী রাদিয়াল্লাহু ‘আনহু থেকে বর্ণিত, নবী সাল্লাল্লাহু ‘আলাইহি
ওয়াসাল্লাম বলেছেন: “সবচেয়ে মহান জিহাদ হচ্ছে জালিম শাসকের সামনে ন্যায্য কথা বলা”। [হাসান লি-গাইরিহী] [এটি আবূ দাউদ, তিরমিযী, ইবনে মাজাহ ও আহমাদ বর্ণনা করেছেন।]

নবী সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম বর্ণনা করেন, আল্লাহর রাস্তায় সবচেয়ে উপকারী ও সবচেয়ে মহান কথা হলো জালিম গভর্নর অথবা জালিম শাসকের সামনে ন্যায় ও ইনসাফপূর্ণ কথা বলা। কারণ, এটি হলো সৎ কাজের আদেশ এবং অসৎ কাজ থেকে নিষেধ করার নিদর্শন ও আদর্শের ওপর আমল। এটি কথা, লিখা, কর্ম অথবা যে কোনো উপায়ে হতে পারে, যার দ্বারা উপকারী স্বার্থ হাসিল হয় এবং অনিষ্ট দূরীভূত হয়।

http://www.sunnah.global/hadeeth/bn/show/3045